গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং ২১১-আইন/আয়কর-২/২০২৬।—আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপন করিয়া নবায়নযোগ্য সৌরবিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ ব্যবসায় নিয়োজিত যে-কোনো প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, আগামী ৩০ জুন ২০৩৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত অর্জিত আয়ের উপর উক্ত আইনের অধীন প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তাবলি:

(ক) আয়কর আইন, ২০২৩ এর বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(খ) নবায়নযোগ্য সৌরবিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ ব্যবসায় নিয়োজিত প্রতিষ্ঠান কতৃক নিজস্ব অর্থায়নে ও ব্যবস্থাপনায় সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপন করিতে হইবে; এবং প্রতিটি সৌরবিদ্যুৎ কেন্দ্রের জন্য নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা, ২০২৫ এর অধীন প্রণীত নেট মিটারিং নির্দেশিকা-২০২৫ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে নেট মিটারিং অনুমোদন গ্রহণ করিতে হইবে;

(গ) উৎপাদিত সৌরবিদ্যুৎ উৎপাদনকারী ও ব্যবহারকারীর মধ্যে সম্পাদিত সুনির্দিষ্ট Power Purchase Agreement এর আওতায় সরবরাহ করিবে এবং, প্রযোজ্য ক্ষেত্রে, অতিরিক্ত বিদ্যুৎ নেট-মিটারিং পদ্ধতিতে জাতীয় গ্রিডে সরবরাহ করিবে; এবং

(ঘ) সৌরবিদ্যুৎ উৎপাদন ও সরবরাহকারী প্রতিষ্ঠান অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অর্থ পরিশোধকালে আয়কর আইন ২০২৩ এর বিধান অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে উৎস কর (TDS) কর্তন করিবে ও তাহা সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে।

২। সৌরবিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ ব্যবহারকারী প্রতিষ্ঠান উহার মোট ব্যবহৃত সৌরবিদ্যুৎ এর বিপরীতে পরিশোধিত বিদ্যুৎ বিলের, ৫% (পাঁচ শতাংশ) এর সমপরিমাণ কর রেয়াত সুবিধা প্রাপ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com